

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর,  
পূর্তভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
ফোন-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩  
[www.pwd.gov.bd](http://www.pwd.gov.bd)

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৫৬.১৫/৬৮৯

হি-১.

তারিখঃ ০৬/১০/১৪২৫৯  
১৬/১০/২০১৯

বরাবর,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা।

বিষয়ঃ- "মানিকগঞ্জ মেডিক্যাল কলেজ ও ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন প্রকল্প, মানিকগঞ্জ" প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০১৮-২০১৯ আর্থিক সালে খরচ করার জন্য রাজস্ব খাতে ১ম ও ২য় কিস্তিতে হাটুকৃত অর্থ হতে =৮.০০ লক্ষ (আট লক্ষ) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক, মানিকগঞ্জ মেডিক্যাল কলেজ ও ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন প্রকল্প, মানিকগঞ্জ এর স্মারক নং/৩২০ তারিখঃ-১৪/১০/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং/১১৩১ তারিখঃ-১৭/১২/২০১৮ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত মোট=৮.০০ লক্ষ টাকা হিসাবের কোড নং-২২৪০২১০০১-৩২১১১০৪-কন্ট্রোলিং খাতে ২০১৮-২০১৯ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে বহন/সংকুলান করতে হবে। উক্ত বরাদ্দকৃত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান নিয়মাচার যথাযথ ভাবে পালন পূর্বক খরচ করার নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ এর নিকট পুনঃবরাদ্দ প্রদান করে অত্র অধিদপ্তরকে জানাতে অনুরোধ করা হলো। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত অনুসরণ করতে হবেঃ-

- ১) প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাককলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- ২) কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
- ৩) বরাদ্দকৃত অর্থ চলতি আর্থিক সালে খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরের/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ৫) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে এ দপ্তরে সমর্পণ করতে হবে।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

E-mail:-se-coord@pwd.gov.bd

ফোন-৯৫৬৮৯১৪

তারিখঃ ০৬/১০/১৪২৫৯  
১৬/১০/২০১৯

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৫৬.১৫/৬৮৯(২০)

হি-১.

অনুলিপি সদয় অগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)ঃ-

- ০১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।
- ০৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, ঢাকা।
- ০৫। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)/(মনিটরিং এন্ড অডিট)/(পিপিপি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৭। অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক, মানিকগঞ্জ মেডিক্যাল কলেজ ও ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন প্রকল্প, মানিকগঞ্জ। ইহা তাঁর উপরোক্ত স্মারক নম্বর ও তারিখের বরাতে।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ।
- ০৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এম, আই, এস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা তাঁর উপরোক্ত স্মারক ও তারিখের বরাতে।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ।
- ১৫। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৬। গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৫.১০.১৯